

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা।

বিজ্ঞপ্তি

এতদ্বারা চান্দিনা উপজেলার খাদ্যশস্যে আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার, খুচরা ব্যবসায়ীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, এসআরও নং- ১১২ ও এসআরও নং- ১১৩ আইন/২০১১ Control of Essential Commodities Act.1956 (Act No.1 of 1956)এর Section ৩ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্যে ও খাদ্য সামগ্র (Food grain & Food stuffs) ব্যবসার নতুন লাইসেন্স গ্রহন, নবায়ন ডুপ্লিকেট কপি ইস্যুর নির্দেশ প্রদান সহ উক্ত সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ন্ত্রনাধীন খাদ্যশস্যে/ফুড স্টক মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করেছেন। উক্ত এসএরও এর মাধ্যমে লাইসেন্স ব্যতীত কোন ব্যবসায়ী ০১ (এক) মেণ্টন এর অধিক খাদ্যশস্যে/খাদ্যসামগ্রী তার বা তাদের অধিকারে বা নিয়ন্ত্রনে রাখতে পারবেন না মর্মে নির্দেশসহ নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিলের নির্দেশনা জারী করা হয়েছে। এমতাবস্থায় বর্ণিত শ্রেণীর পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার,খুচরা ব্যবসায়ীকে খাদ্য বিভাগ থেকে লাইসেন্স গ্রহন করতঃ নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

০১। এখানে উল্লেখ্য যে, বর্তমানে এ আইনের আওতায় লাইসেন্স ব্যতীত অধৈভাবে ব্যবসা পরিচালনা করলে সংশ্লিষ্ট অত্যাৱশ্যকীয় পণ্য আইন ১৯৫৬ এর ৬ (১) ও (২) ধারা মতে ০৩ (তিন) বছরের জেল ও জরিমানাসহ মজুদ পণ্য বাজেয়াপ্ত করার বিধান রয়েছে।

০২। সুতরাং এ শাস্তি ও ক্ষতি এড়াতে অবিলম্বে ০১ (এক) মেণ্টন এর অধিক খাদ্যশস্য/পণ্য ব্যবসায়ীগণকে লাইসেন্স গ্রহন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিস্থারিত তথ্যের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চান্দিনা, কুমিল্লায় যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

মোঃ আনোয়ার হোসেন

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

চান্দিনা, কুমিল্লা।

Email. ucfchandina5@gmail.com

১৬৭৫ - ১৯১৫৩৬